১৫ আগস্ট জাতীয় শোক

# দিবস ২০২৩

# প্রতিবেদন

পাবনা প্রতিশ্রুতি
বাড়ী # এ/৫, ব্লক- জে, রাধানগর, পাবনা, বাংলাদেশ।
টেলিফোন ঃ ০২ ৫৮৮৮৪৬১৯৯, ই-মেইল protishsruti@gmail.com

পাবনা প্রতিশ্রুতি
**বাড়ী # এ/৫, ব্লক - জে, রাধানগর, পাবনা- ৬৬০০**

## স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকী ও ‘জাতীয় শোক দিবস- ২০২৩’ পালনের

# <u>প্রতিবেদন</u>

১৫ আগস্ট বাংলাদেশ ও বাঙালির সবচেয়ে হৃদয়বিদারক ও মর্মস্পর্শী শোকের দিন। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস। ১৯৭৫ সালের ১৫ আগস্ট ভোর রাতে রাজধানী ঢাকায় সংঘটিত হয়েছিল ইতিহাসের এক কলঙ্কিত অধ্যায়। এদিন স্বাধীন বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা, বাঙালির মহানায়ককে হত্যা করেছিল ক্ষমতালোভী নরপিশাচ কুচক্রী মহল।

প্রতিবছরের মতো অত্র সংস্থায় মাসব্যাপী স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় ও ভাবগম্ভীর্যের মধ্য দিয়ে পালিত হয়। জাতির পিতা এবং তাঁর পরিবারের নিহতদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে ছিল মাসব্যাপি কালো ব্যাজ ধারণ, শোক ব্যানার প্রদর্শন, ১৫ আগস্ট সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ, শোক র‍্যালী, শ্রদ্ধা নিবেদন, বৃক্ষরোপণ, বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান ইত্যাদি।

## স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকীতে ‘জাতীয় শোক দিবস ২০২৩’এর কর্মসূচি

| ক্র. নং | তারিখ | আয়োজিত অনুষ্ঠানমালা | মন্তব্য |
|---|---|---|---|
| ১) | ০১-৩১ আগস্ট | জাতীয় শোক দিবসের ব্যানার/ড্রপডাউন প্রদর্শন | প্রধান কার্যালয়, প্রকল্প কার্যালয় সহ সকল শাখা কার্যালয়। |
| ২) | ০১-৩১ আগস্ট | কালো ব্যাজ ধারণ | প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারী |
| ৩) | ১৪ আগস্ট | বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান (ডায়াবেটিস পরীক্ষা) | সমৃদ্ধি কর্মসূচি, দোগাছি, পাবনা। |
| ৪) | ১৫ আগস্ট | দিনের শুরুতে জাতীয় পতকা অর্ধনমিত রাখা | প্রধান কার্যালয়, প্রকল্প কার্যালয় সহ সকল শাখা কার্যালয়। |
| ৫) | | জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি প্রদান | |
| ৬) | | কর্মকর্তা ও কর্মচারীগণের সমন্বয়ে জাতীয় শোক দিবস উপলক্ষ্য আলোচনা সভা ও দোয়া মাহফিল | প্রধান কার্যালয়। |
| ৭) | ১৬ আগস্ট | বৃক্ষরোপন কর্মসূচি পালন এবং এতদ্বিষয়ে সদস্যদেরকে উৎসাহিতকরণ | প্রধান কার্যালয়, প্রকল্প কার্যালয় সহ শাখা অফিস এবং সদস্য পর্যায়ে। |
| ৮) | ১৭ আগস্ট | এতিমদের মাঝে খাবার বিতরণ | জৌতগোরী জালালপুর দারুস সালাম হাফিজিয়া ও ইয়াতিমখানা মাদ্রাসা, পাবনা সদর, পাবনা। |

## ড্রপডাউন ব্যানার প্রদর্শন ও কালো ব্যাচ ধারণ

১৯৭৫ সালের ১৫ আগস্ট কালো রাত্রে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যদের নির্মম হত্যাকান্ডে শহীদদের শ্রদ্ধায় **আগস্ট মাসব্যাপি অর্থাৎ ১ থেকে ৩১ আগস্ট পর্যন্ত** পাবনা প্রতিশ্রুতি'র **প্রধান কার্যালয়, শাখা কার্যালয় ও প্রকল্প কার্যালয়ে** জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ড্রপডাউন ব্যানার স্থাপন করা হয় এবং সংস্থার সকল সদস্য কালো ব্যাজ পরিধান করেন।







## বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান

সংস্থার সমৃদ্ধির স্বাস্থ্যসেবা ও পুষ্টি কার্যক্রমের আওতায় দোগাছী ইউনিয়নে গ্রামের সুবিধাবঞ্চিত মানুষের ডায়াবেটিস সম্পর্কে সচেতনতা তৈরী করে তাঁদের সঠিক নিয়ম কানুন মেনে চলার জন্য স্বাস্থ্য কর্মকর্তা ও পরিদর্শকগন দোগাছী ইউনিয়নের গ্রামে গ্রামে অবিরত কাজ করে চলেছে। এরই ধারাবাহিকতায় ১৪-০৮-২০২৩ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৮তম শাহাদত বার্ষিকী উপলক্ষে দোগাছী ইউনিয়ন পরিষদ চত্বরে সকাল ১০:০০ টা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষা করার ক্যাম্প এর আয়োজন করা হয়।




উক্ত ক্যাম্প এ ৫০ জন বিভিন্ন বয়সের রোগীকে বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষা করা হয়। সেবা গ্রহণকারীদের মধ্যে প্রবীণ জনগোষ্ঠীর সদস্যবৃন্দ, ওয়ার্ড কমিটির সদস্যবৃন্দ, স্থানীয় ব্যক্তিগণ, ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দসহ ইউনিয়নের বিভিন্ন এলাকা থেকে আগত ব্যক্তিগণ ছিলেন। ডায়াবেটিস পরিক্ষার ফলে প্রত্যন্ত গ্রামের সাধারণ মানুষ তাদের নিজের ও পরিবারের অন্য সদস্যদের ডায়াবেটিস আছে কিনা তা জানতে পারছে এবং নিয়ম-কানুন মেনে চলে স্বাস্থ্য ঝুঁকি হতে নিজেরা রক্ষা পাচ্ছে।

## শ্রদ্ধাঞ্জাপন, আলোচনা সভা ও দোয়া মাহফিল :

১৫ আগস্ট ২০২৩। জাতীয় শোক দিবস। বাঙালি জাতির শোকের দিন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদাতবার্ষিকী। ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী দিনের শুরুতে সংস্থার প্রধান কার্যালয় সহ সকল শাখায় জাতীয় পতাকা অর্ধনমিত ভাবে উত্তোলন করা হয়। পরে সকালে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে প্রধান কার্যালয়ের পক্ষ থেকে পাবনা জেলা পরিষদ চত্বরে “বঙ্গাবন্ধুর ম্যুরাল” এ পুষ্পার্ঘ অর্পন করা হয়।




চিত্রঃ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।

ঐ দিন ১৫ আগস্ট সকাল ১১:০০ টায় প্রধান কার্যালয়ে জাতীয় শোক দিবসের আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। প্রধান কার্যালয়ে আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানের সভাপতিত্ব করেন পাবনা প্রতিশ্রুতির উপ-নির্বাহী পরিচালক, খোন্দকার খালেদ হাসান। তিনি জাতির পিতা বঙ্গাবন্ধুসহ তাঁর পরিবারের সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং তাঁদের রূহের মাগফেরাত কামনা করে এক সংক্ষিপ্ত আলোচনায় বলেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী, স্বাধীনতার মহানায়ক, জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান শুধু একজন রাজনৈতিক নেতাই ছিলেন না, তিনি মানুষ হিসেবে ছিলেন সকল গুণের অধিকারী। একটা জাতির মুক্তি ও একটি স্বাধীন, সার্বভৌম রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য বঙ্গাবন্ধু আজীবন সংগ্রাম করেছেন। কিন্তু ১৯৭৫ সালের ১৫ আগস্ট ভোরে সেনাবাহিনীর কিছু বিপথগামী সদস্য ধানমন্ডির বাসভবনে বঙ্গাবন্ধুকে সপরিবারে হত্যা করে। ঘাতকরা শুধু বঙ্গাবন্ধুকেই হত্যা করেনি, তাদের হাতে একে একে প্রাণ হারিয়েছেন বঙ্গাবন্ধুর সহধর্মিণী বঙ্গামাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব, বঙ্গাবন্ধুর সন্তান শেখ কামাল, শেখ জামাল ও শিশু শেখ রাসেলসহ পুত্রবধূ সুলতানা কামাল ও রোজি জামাল।




চিত্রঃ জনাব খোন্দকার খালেদ হাসান, উপ-নির্বাহী পরিচালক আলোচনা সভায় বক্তব্য দিচ্ছেন।

পৃথিবীর এই জঘন্যতম হত্যাকান্ড থেকে বাঁচতে পারেননি বঙ্গাবন্ধুর অনুজ শেখ নাসের, ভগ্নিপতি আবদুর রব সেরনিয়াবাত এবং তার ছেলে আরিফ ও সুকান্তবাবু, মেয়ে বেবি, বঙ্গাবন্ধুর ভাগ্নে মুক্তিযুদ্ধের সংগঠক শেখ ফজলুল হক মণি, তার অন্তঃসত্ত্বা স্ত্রী আরজু মনি এবং আবদুল নাঈম খান রিন্টু ও কর্নেল জামিলসহ পরিবারের ১৬ জন সদস্য ও ঘনিষ্ঠজন। এ সময় বঙ্গাবন্ধুর দুই কন্যা শেখ হাসিনা ও শেখ রেহানা বিদেশে থাকায় প্রাণে রক্ষা পান। এ ঘটনার মধ্য দিয়ে বাঙারির ইতিহাসে সংযোজিত হয় এক কালিমালিপ্ত অধ্যায়। আগস্ট মাসটি তাই আমাদের কাছে, এদেশের মানুষের কাছে শোকের মাসে পরিণত হয়েছে।

এছাড়াও খোন্দকার বোরহানুর হাসান, পরিচালক (কার্যক্রম), মোঃ মনির হোসেন, পরিচালক (ঋণ) এবং মোঃ আব্দুল ওয়াদুদ, পরিচালক (অর্থ) আলোচনায় অংশগ্রহন করেন ।

আলোচনা শেষে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর পরিবারের সদস্য ও অন্যান্য শহীদদের আত্নার মাগফেরাত কামনায় পবিত্র কোরান থেকে তেলাওয়াত ও দোয়া করা হয়। দোয়া পরিচালনা করেন, সংস্থার পরিচালক জনাব মোঃ আব্দুল ওয়াদুদ বেলাল।



চিত্রঃ দোয়ার মাহফিলে উপস্থিত পাবনা প্রতিশ্রুতির কর্মকতা ও কর্মচারীবৃন্দ।

## বৃক্ষরোপন কর্মসূচি পালন এবং এতদ্বিষয়ে সদস্যদেরকে উৎসাহিতকরণ:

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮ তম শাহাদত বার্ষিকী ও 'জাতীয় শোক দিবস- ২০২৩' যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালন উপলক্ষ্যে ১৬ আগস্ট অত্র সংস্থার ১৭টি শাখা অফিস ও প্রকল্প কার্যালয়ে বৃক্ষরোপন কর্মসূচির অংশ হিসেবে ২-৩টি করে মোট ৫০টি ফলজ ও বনজ বৃক্ষের চারা রোপন করা হয়। এছাড়াও মাঠ পর্যায়ে সমিতির সদস্যদের মাঝে বৃক্ষরোপনে উৎসাহিত করা হয়।


চিত্রঃ অত্র সংস্থা কর্তৃক শাখা অফিসের বৃক্ষরোপনের ছবি

## এতিমদের মাঝে খাবার বিতরণ

১৭ আগস্ট দুপুরে পাবনা সদর উপজেলার গয়েশপুর ইউনিয়নের জৌতগোরী জালালপুর দারুস সালাম হাফিজিয়া ও ইয়াতিমখানা মাদ্রাসায় এতিম ছাত্রদের মাঝে এ খাবার বিতরণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন, সংস্থার উপ-পরিচালক জনাব মোঃ আব্দুল ওয়াদুদ। তিনি বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এতিমদের খুব ভালোবাসতেন। তার শাহাদত বার্ষিকীতে এটি আমাদের ক্ষুদ্র প্রয়াস। তাছাড়া আমাদের আশেপাশে অনেক এতিম রয়েছে, যারা তিনবেলা পেটভরে খেতে পারে না। বঙ্গাবন্ধু আদর্শকে ধারণ করে আমরা আমাদের সাধ্যানুযায়ী এসকল শিশুদের পাশে থাকার চেষ্টা করে যাব। এসময় প্রায় ৬৫ জন এতিম শিশু খাবার গ্রহণে অংশ নেয়। এসময় মাদ্রাসার শিক্ষকবৃন্দসহ মাদ্রাসা কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।




(মমতা চাকলাদার)
নির্বাহী পরিচালক
পাবনা প্রতিশ্রুতি